# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

## ইসলামিক ফাউন্ডেশনের ১৪৯তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আনিস মাহমুদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ইসলামিক ফাউন্ডেশন।

তারিখ ও সময় : ২০ জুলাই ২০২০ বেলা ১১:৩০টা।

স্থান : ইসলামিক ফাউন্ডেশন সভাকক্ষ (২য় তলা), আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭।

সভার সভাপতি, ঢাকাস্থ পরিচালক ও প্রকল্প পরিচালকগণ ইসলামিক ফাউন্ডেশন আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ের সভাকক্ষে উপস্থিত হন এবং বিভাগীয় পরিচালকগণ জুম অ্যাপস্ এর মাধ্যমে সভায় সংযুক্ত ছিলেন। পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। আলোচনার প্রারম্ভে সভাপতি ১৪৮তম মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ইসলামিক ফাউন্ডেশনের সকল কার্যালয়ে ই-নথি বাস্তবায়ন, সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর বিধি ২২ এ বর্ণিত নির্দেশনা লংঘন না করার বিষয়ে অফিস আদেশ জারি, সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা ২০১৯ প্রতিপালন নিশ্চিত করা এবং জুম এপসের মাধ্যমে সভা আয়োজনের বিষয়ে প্রশিক্ষণ প্রদান অতি দ্রুত বাস্তবায়নে গুরুত্বারোপ করেন।

২। অতঃপর সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপভাবে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | কোভিড-১৯ বিস্তার রোধে জনসচেতনতামূলক কার্যক্রম জোরদারকরণ | দেশে করোনার সংক্রমণ ও মৃত্যুহার বৃদ্ধি পাওয়ায় জনসচেতনতা বৃদ্ধিকল্পে সকল স্তরের জনগণ ও জনপ্রতিনিধিগণকে সম্পৃক্ত করা প্রয়োজন। ‘করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ প্রতিরোধে জরুরী বার্তা মসজিদের মাইক থেকে নিয়মিত প্রচারের আহ্বান’ শিরোনামে একটি লিফলেট প্রস্তুত করে বিভাগীয়/জেলা কার্যালয়ের প্রেরণ করা হয়েছে। | ‘করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ প্রতিরোধে জরুরী বার্তা মসজিদের মাইক থেকে নিয়মিত প্রচারের আহ্বান’ শিরোনামে লিফলেট সকল মসজিদে প্রেরণ করে নিয়মিত প্রচারের ব্যবস্থা নিতে হবে। | ১) পরিচালক, সমন্বয় বিভাগ<br>২) পরিচালক/ উপ-পরিচালক, বিভাগীয়/জেলা কার্যালয় (সকল) |
| ০২ | ঈদ উল আযহার জামায়াত, কোরবানির পশুর হাট ব্যবস্থাপনা, নির্দিষ্ট স্থানে পশু জবাই ও বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে জনসচেতনতা সৃষ্টি | বিরাজমান কোভিড-১৯ প্রাদুর্ভাব পরিস্থিতিতে সংক্রমণ রোধে পবিত্র ঈদুল আযহার জামায়াত, কোরবানির পশুর হাট ব্যবস্থাপনা, নির্দিষ্ট স্থানে পশু জবাই, যথাযথভাবে বর্জ্য ব্যবস্থাপনা এবং পশুর কাঁচা চামড়া সংরক্ষণের বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মসজিদের সম্মানিত খতিব ও ইমাম সাহেবদের মাধ্যমে জনগণের প্রতি আহ্বান জানানো যেতে পারে। | পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে স্বাস্থ্য বিধি বিষয়ক নির্দেশনা নিয়মিত প্রচারের লক্ষ্যে ঢাকা জেলার জন্য ১০ হাজার কপি রঙিন লিফলেট ইসলামিক ফাউন্ডেশন প্রেসের মাধ্যমে ছাপাতে হবে। এছাড়া লিফলেটের নমুনা অনুযায়ী বিভাগীয় ও জেলা কার্যালয়ের মাধ্যমে স্থানীয়ভাবে মুদ্রণ করে প্রচার করতে হবে। | ১) পরিচালক, সমন্বয় বিভাগ<br>২) প্রকল্প ব্যবস্থাপক, ইসলামিক ফাউন্ডেশন প্রেস<br>৩) পরিচালক/ উপ-পরিচালক, বিভাগীয়/জেলা কার্যালয় (সকল) |

<table>
<tr><td>০৩</td><td>পবিত্র ঈদুল আযহা ২০২০ উপলক্ষে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে ঈদ জামাআতের আয়োজন</td><td>আগামী ১ আগস্ট শনিবার যথাযথ ধর্মীয় মর্যাদা ও ভাবগাম্ভীর্য পরিবেশে পবিত্র ঈদুল আযহা উপলক্ষে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে ঈদ জামাআত আয়োজনে করোনা ভাইরাস পরিস্থিতিতে উন্মুক্ত স্থানে ঈদুল আযহার নামাজ অনুষ্ঠিত না হওয়ার বিষয় বিবেচনায় নিয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।</td><td>পবিত্র ঈদুল আযহা উপলক্ষে বায়তুল মুকাররম জাতীয় মসজিদে সকাল ৭:০০ টা, সকাল ৭:৫০ টা, সকাল ৮:৪৫ টা, সকাল ৯:৩৫ টা, সকাল ১০:৩০ টা ও সকাল ১১:১০ টায় ৬টি জামাআত অনুষ্ঠিত হবে।</td><td>পরিচালক, দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ</td></tr>
<tr><td>০৪</td><td>পবিত্র ঈদুল আযহা ২০২০ উপলক্ষে বায়তুল মুকাররম জাতীয় মসজিদ স্বাস্থ্য বিধি ও সামাজিক দূরত্ব নিশ্চিত করণ</td><td>পবিত্র ঈদুল আযহার নামাজের জামাআত সুষ্ঠু ও সুন্দরভাবে আয়োজনের জন্য বায়তুল মুকাররম জাতীয় মসজিদ পরিস্কার পরিচ্ছন্ন ও জীবাণুমুক্ত করা প্রয়োজন মর্মে সভায় অভিমত প্রকাশ করা হয়।</td><td>বায়তুল মুকাররম জাতীয় মসজিদে জামাআত আয়োজনে সরকারি নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে পরিস্কার পরিচ্ছন্ন ও জীবাণুমুক্ত করণসহ স্বাস্থ্য বিধি ও সামাজিক দূরত্ব নিশ্চিত করার প্রয়োজনীয় প্রস্তুতি ও পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>পরিচালক, মসজিদ ও মার্কেট বিভাগ</td></tr>
<tr><td>০৫</td><td>পবিত্র ঈদুল আযহা ২০২০ উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পশু কোরবানি</td><td>পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পশু কোরবানি করার রেওয়াজ রয়েছে। এ বছরও তা অব্যাহত রাখার অভিমত প্রকাশ করা হয়।</td><td>ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে এর নামে পশু কোরবানি করা হবে। কোরবানির গোশত ইসলামিক ফাউন্ডেশনের দুস্থ কর্মচারীদের মাঝে বন্টন করা হবে। নিম্নোক্ত কমিটি পশু ক্রয় ও কোরবানি সম্পন্ন করবে।
<table>
<tr><td>পরিচালক, মসজিদ ও মার্কেট বিভাগ</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>পরিচালক, দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ</td><td>সদস্য-সচিব</td></tr>
<tr><td>জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-প্রকল্প পরিচালক</td><td>সদস্য</td></tr>
<tr><td>জনাব এসএম আনিসুর রহমান, উপ-পরিচালক</td><td>সদস্য</td></tr>
<tr><td>জনাব মোঃ সাইফুল ইসলাম সহকারী পরিচালক</td><td>সদস্য</td></tr>
<tr><td>জনাব আবুল কালাম সহকারী পরিচালক</td><td>সদস্য</td></tr>
<tr><td>জনাব আব্দুল হাই মোল্লা, সেকশন অফিসার</td><td>সদস্য</td></tr>
</table></td><td>সংশ্লিষ্ট কমিটি</td></tr>
<tr><td>০৬</td><td>ইসলামিক ফাউন্ডেশন প্রধান কার্যালয়ের নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ</td><td>ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ের প্রবেশপথে কোন কলাপসিবল গেট নেই। রাতে-দিনে যে কেউ বাধাহীনভাবে ভবনে প্রবেশ করতে পারে। অধিকাংশ সময় সিকিউরিটি গার্ডগণ ইউনিফর্ম ছাড়াই দায়িত্ব পালন করে। ফলে তাদের দায়িত্ব পালন নিরাপত্তার ক্ষেত্রে কোন</td><td>(ক) আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ের নিচতলায় দৃষ্টিনন্দন ও আধুনিক অভ্যর্থনাকক্ষ নির্মাণ করার বিষয়ে নিম্নলিখিত কমিটি ব্যয় বিভাজনসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব পেশ করবেন।
<table>
<tr><td>উপসচিব, ইসলামিক ফাউন্ডেশন</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>জনাব মোঃ জসিম উদ্দিন, সহকারী প্রেস ব্যবস্থাপক</td><td>সদস্য</td></tr>
<tr><td>জনাব মোঃ আবু বকর সিদ্দিক, উপ-প্রকল্প পরিচালক</td><td>সদস্য</td></tr>
</table></td><td>সংশ্লিষ্ট কমিটি</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রভাব সৃষ্টি করে না। কিছুদিন পূর্বে ভবনের ৭মতলায় চুরির ঘটনাও ঘটেছে। এমতাবস্থায়, প্রধান কার্যালয়ের নিরাপত্তা ব্যবস্থা জোরদার ও শক্তিশালী করা যেতে পারে। এছাড়া প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীকে সার্বক্ষণিকভাবে পরিচয়পত্র সাথে রাখার জন্য আদেশ জারি করা যেতে পারে। | জনাব মুহাম্মদ নিজাম উদ্দিন, উপ-পরিচালক — সদস্য-সচিব<br>জনাব মশিউর রহমান ভূঁইয়া, সহকারী পরিচালক — সদস্য<br>জনাব সুজন আহমেদ চৌধুরী, সহকারী পরিচালক — সদস্য<br>জনাব ফজলুল করিম, উপ-সহকারী প্রকৌশলী — সদস্য<br>(খ) নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য আনসার নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ইসলামিক ফাউন্ডেশন প্রেস একটি কক্ষ খালি করে দিবেন। সকল কর্মকর্তা কর্মচারীর আইডি কার্ডের ব্যবস্থা করতে হবে। অফিসে অবস্থানকালীন সময়ে আইডি কার্ড প্রদর্শন করতে হবে। এছাড়া দর্শনার্থীদের জন্য দর্শনার্থী পাশের ব্যবস্থা করতে হবে। | ১) সচিব, ইসলামিক ফাউন্ডেশন<br>২) প্রকল্প ব্যবস্থাপক, ইসলামিক ফাউন্ডেশন প্রেস। |
| ০৭ | বায়তুল মোকাররম মসজিদের পূর্ব পার্শ্বের মিনার নির্মাণ, অসমাপ্ত কাজ সমাপ্তকরণ ও সৌন্দর্য বৃদ্ধিকরণ ২০০০০.০০ লক্ষ টাকা (জুলাই ২০২০-জুন ২০২২) | বায়তুল মুকাররম মসজিদ বাংলাদেশর জাতীয় ও সর্ববৃহৎ মসজিদ। এ মসজিদের রয়েছে সু-প্রাচীন ঐতিহ্য ও মর্যাদা। কালের বিবর্তনে এ মসজিদ বিবর্ণরূপ ধারণ করেছে। মসজিদের মেহরাব, ফ্লোর, সিঁড়ি, ওযুখানা, টয়লেট এবং ভিতরের ও বাহিরের দেয়াল পুরাতন ও জরাজীর্ণ হয়ে পড়েছে যা জাতীয় মসজিদের মর্যাদার সাথে বেমানান। ছোটখাট সংস্কার করে এর শ্রীবৃদ্ধি ও সুযোগ সুবিধা বৃদ্ধি করা যাবে না।<br>বায়তুল মুকাররম মসজিদের মুসল্লিদের স্বাচ্ছন্দে ইবাদত করার সুযোগ সুবিধা বৃদ্ধি ও আমূল সংস্কার করে জাতীয় মসজিদের ঐতিহ্য ও ভাবমর্যাদা পুনরুদ্ধার কল্পে বায়তুল মুকাররম মসজিদ সংস্কার, সম্প্রসারণ ও সৌন্দর্যবৃদ্ধিকরণ প্রকল্প প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | (ক) বায়তুল মুকাররম জাতীয় মসজিদ সৌন্দর্যবৃদ্ধিকরণের লক্ষ্যে চাহিদামালা তৈরির নিমিত্ত সংস্কার ও উন্নয়ন কার্যক্রম বিষয়ে অভিজ্ঞ পরামর্শক, স্থপতি, আলেম-ওলামা এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ সংশ্লিষ্টদের নিয়ে একটি সভার আয়োজন করতে হবে।<br>(খ) বায়তুল মুকাররম জাতীয় মসজিদ সংস্কার, সম্প্রসারণ ও সৌন্দর্যবৃদ্ধিকরণের নিমিত্ত ডিজাইন ও প্রকল্প প্রস্তাব প্রণয়ন করার জন্য কনসাল্টিং ফার্ম নিয়োগের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য দ্রুত প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১) পরিচালক, মসজিদ ও মার্কেট বিভাগ<br>২) পরিচালক, পরিকল্পনা বিভাগ |
| ০৮ | বায়তুল মুকাররমস্থ সভাকক্ষ পুনর্নির্মাণ | বায়তুল মুকাররমস্থ পুরাতন সভাকক্ষ নতুন করে নির্মাণের লক্ষ্যে ৪/৫ বছর পূর্বে ভেঙ্গে ফেলা হয়। জাতীয় চাঁদ দেখা কমিটির সভাসহ অন্যান্য গুরুত্বপূর্ণ সভা আয়োজনে সমস্যা হচ্ছে। এতে ফাউন্ডেশনের ভাবমর্যাদা ক্ষুন্ন হচ্ছে। অবিলম্বে সভাকক্ষ পুনঃনির্মাণের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। | বায়তুল মুকাররম মসজিদ সংস্কার, সম্প্রসারণ ও সৌন্দর্যবৃদ্ধিকরণ প্রকল্পে সভাকক্ষটি পুনঃ নির্মাণের বিষয়টি অন্তর্ভুক্ত করা হবে। | ১) পরিচালক মসজিদ ও মার্কেট বিভাগ<br>২) পরিচালক, পরিকল্পনা বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | বায়তুল মুকাররমস্থ মিলনায়তনের সংস্কার ও এসি সংযোজন | বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পূর্ব-উত্তর দিকে অবস্থিত মিলনায়তনটির জরাজীর্ণ অবস্থা। মিলনায়তনের সংস্কার ও এসি সংযোজন করা প্রয়োজন। | বায়তুল মুকাররম জাতীয় মসজিদ সংস্কার, সম্প্রসারণ ও সৌন্দর্যবৃদ্ধিকরণ প্রকল্পে মিলনায়তন আধুনিকীকরণের বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে। | ১) পরিচালক মসজিদ ও মার্কেট বিভাগ<br>২) পরিচালক, পরিকল্পনা বিভাগ |
| ১০ | আরবি ভাষা ইনস্টিটিউট চালুকরণ | ইসলামিক ফাউন্ডেশনের আরবি ভাষা শিক্ষা কোর্স আরবি শেখার একটি জনপ্রিয় মাধ্যম ছিলো। অনেকদিন যাবত এ কোর্সটি পরিচালিত হচ্ছে না। এর মধ্যে আরবি ভাষা ইনস্টিটিউট চালুর একটি প্রক্রিয়া শুরু হয়েছিলো। এ বিষয়ে কোন উল্লেখযোগ্য অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে না। | প্রধান কার্যালয়ের নীচতলার শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে সীমিত পরিসরে আরবি ভাষার শেখার সংক্ষিপ্ত কোর্স চালুর উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিচালক, গবেষণা বিভাগ |
| ১১ | অনুবাদ শাখা চালুকরণ | দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের অধীনে ইতোপূর্বে আরবি থেকে বাংলায় অনুবাদ করা হতো। বর্তমানে সেবাটি বন্ধ রয়েছে। | পুর্বে কিভাবে অনুবাদ কার্যক্রম পরিচালিত হতো, বর্তমানে চালু করতে হলে কি কি সমস্যা ও সম্ভাবনা রয়েছে এ বিষয়ে স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন প্রস্তুত করতে হবে। | পরিচালক, দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ |
| ১২ | ইসলামিক ফাউন্ডেশন পরিচিতি নতুন আঙ্গিকে প্রণয়ন ও প্রকাশ | ইসলামিক ফাউন্ডেশনের লক্ষ্য ও উদ্দেশ্য, সাংগঠনিক কাঠামো, জনবল ও কর্মসূচির বিবরণ সম্বলিত সর্বশেষ তথ্য সম্বলিত নতুন আঙ্গিকে ইসলামিক ফাউন্ডেশন পরিচিতি প্রণয়ন ও প্রকাশ করা যেতে পারে। | ইসলামিক ফাউন্ডেশন পরিচিতি নতুন আঙ্গিকে প্রণয়ন ও প্রকাশের জন্য নিম্নলিখিত কমিটি গঠন করা হলো।<br>পরিচালক,প্রকাশনা বিভাগ — আহ্বায়ক<br>পরিচালক, সমন্বয় বিভাগ — সদস্য<br>সম্পাদক,মাসিক অগ্রপথিক — সদস্য<br>সম্পাদক, প্রকাশনা বিভাগ — সদস্য<br>উপ-পরিচালক, প্রকাশনা বিভাগ — সদস্য সচিব | পরিচালক, প্রকাশনা বিভাগ |
| ১৩ | 'বঙ্গবন্ধু আর্কাইভ' স্থাপন | ইসলামিক ফাউন্ডেশন থেকে প্রকাশিত সব টাইটেলের পুস্তক সংরক্ষণের জন্য কেন্দ্রীয়ভাবে 'বঙ্গবন্ধু আর্কাইভ' স্থাপন করা যেতে পারে। | 'বঙ্গবন্ধু কর্নার' ও 'বঙ্গবন্ধু আর্কাইভ' স্থাপনের জন্য প্রধান কার্যালয়ে সকলের দৃষ্টিগোচর হয় এমন একটি স্থান নির্ধারণ করতে হবে। | ১) সচিব, ইসলামিক ফাউন্ডেশন<br>২) পরিচালক, প্রকাশনা বিভাগ<br>৩) পরিচালক, সমন্বয় বিভাগ |
| ১৪ | গুরুত্বপূর্ণ গ্রন্থ পুনঃসম্পাদনা, সংশোধন ও পরিমার্জন করা | ফাউন্ডেশন থেকে প্রকাশিত গুরুত্বপূর্ণ গ্রন্থ (যথা: দৈনন্দিন জীবনে ইসলাম, ফাতওয়া ও মাসাইল) পুনঃ সম্পাদনা, সংশোধন ও পরিমার্জন করা যেতে পারে। | আলোচ্য বিষয়সহ সামগ্রিকভাবে সকল বিষয় নিয়ে প্রকাশনা বিভাগের পৃথক একটি সভায় আলোচনান্তে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | পরিচালক, প্রকাশনা বিভাগ |
| ১৫ | সিহাহ সিত্তার কিতাবসমূহের অনুবাদ যাচাই-বাছাই ও পরিমার্জন | ইসলামিক ফাউন্ডেশন থেকে প্রকাশিত সিহাহ সিত্তার কিতাবসমূহ (বোখারী শরীফ, মুসলিম শরীফ ও তিরমিজী শরীফ) অনুবাদ যাচাই-বাছাই, টীকা সংযোজন ও পরিমার্জন করা যেতে পারে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | ৫টি ইসলামিক মিশনের পদ সৃজন সংক্রান্ত | ৫টি ইসলামিক মিশন (ঘুনী যশোর, ইলিশা ভোলা, ইন্দুরকানী পিরোজপুর, ইটনা কিশোরগঞ্জ ও বিজয়নগর ব্রাহ্মণবাড়িয়া) কেন্দ্রের জন্য প্রত্যেক কেন্দ্রে ১২টি করে ৬০টি পদ সৃজনের বিষয়ে জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের সম্মতির পর সচিব কমিটিতে উপস্থাপনের অপেক্ষায় রয়েছে। | প্রস্তাবিত পদসমূহ সৃজনের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সচিব কমিটির অনুমোদনের জন্য উপস্থাপনের বিষয়ে পরিচালক (অডিট) এর নেতৃত্বে গঠিত কমিটি জরুরি পদক্ষেপ গ্রহণ করবে। | পরিচালক, অডিট বিভাগ |
| ১৭ | ৩টি পার্বত্য জেলায় প্রতিষ্ঠিত ৫টি ইসলামিক মিশন কেন্দ্র এবং ইসলামিক মিশন কালকিনি মাদারীপুর কেন্দ্রের পদ সৃজন সংক্রান্ত | ৩টি পার্বত্য জেলায় প্রতিষ্ঠিত ৫টি ইসলামিক মিশন কেন্দ্র যথা: ১) ইমি সদর উপকেন্দ্র, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি ২) ইমি সদর উপকেন্দ্র বান্দরবান ৩) ইমি নাইক্ষ্যংছড়ি উপকেন্দ্র, বান্দরবান ৪) ইমি সদর উপকেন্দ্র রাঙামাটি ও ৫) ইমি নানিয়ারচর উপকেন্দ্র, রাঙ্গামাটি এবং ইসলামিক মিশন কালকিনি মাদারীপুর কেন্দ্রের প্রত্যেকটিতে ১৪টি করে ৮৪টি পদ সৃজনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। | পরিচালক (অডিট) এর নেতৃত্বে গঠিত কমিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেক লিস্ট মোতাবেক প্রশাসন বিভাগ হতে পদ সৃজনের প্রস্তাব প্রস্তুত ও মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | পরিচালক, অডিট বিভাগ |
| ১৮ | অনুবাদ ও সংকলন বিভাগের ২১ বই মুদ্রণ সংক্রান্ত | ২০১২-২০১৮ সাল পর্যন্ত অনুবাদ ও সংকলন বিভাগের ২১টি শিরোনামের বই ফাউন্ডেশন প্রেসে মুদ্রণের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। বইগুলো কম্পোজ করা, ১ম/২য়/৩য় প্রুফ সংশোধন, কোন কোন বইয়ের ট্রেসিং সম্পন্ন হয়েছে এবং ট্রেসিং অর্ডার দেয়া আছে। প্রেসে কাজের অনেক চাপ থাকায় কার্যাদেশ অনুযায়ী যথাসময়ে সকল বই সরবরাহ করা সম্ভব হচ্ছে না। | ইসলামিক ফাউন্ডেশন প্রেসের কার্যক্রম গতিশীল করে অগ্রাধিকার ভিত্তিতে বইগুলো মুদ্রণের ব্যবস্থা করতে হবে। | ১) পরিচালক, অনুবাদ ও সংকলন বিভাগ<br>২) প্রকল্প ব্যবস্থাপক, ইসলামিক ফাউন্ডেশন প্রেস। |
| ১৯ | ইসলামিক ফাউন্ডেশনের বিদ্যমান ছাপাখানায় নতুন মেশিনারীজ সংযোজনের মাধ্যমে আধুনিকীকরণ প্রকল্প | প্রকল্পটি ৩৮০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৯- জুন ২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন। ২০২০-২১ অর্থবছরের এডিপি'র নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত আছে। প্রকল্পের পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। | পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ছাপাখানার মেশিনারীজ পরিচালনার নিমিত্ত রাজস্ব খাতে টেকনিক্যাল পদ সৃজন করতে হবে। | সচিব, ইসলামিক ফাউন্ডেশন |
| ২০ | কুমিল্লা (মডেল) ও ময়মনসিংহ ইমাম প্রশিক্ষণ একাডেমি কমপ্লেক্স স্থাপন প্রকল্প | ২০২০-২১ অর্থ বছরের এডিপি'র নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত আছে। মন্ত্রণালয়ে যাচাই কমিটির সভা অর্থ বিভাগে অনুষ্ঠিত জনবল কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠনের কাজ চলছে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের যাচাই কমিটির সভা ও অর্থ বিভাগের জনবল কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি অতি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক, পরিকল্পনা বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ প্রকল্প। | আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্পের স্থাপত্য নকশা প্রণয়নকল্পে ইওআইতে অংশ গ্রহণকারী পরামর্শকদের প্রস্তাব ও মডেল যাছাই-এর নিমিত্ত ৯ সদস্য বিশিষ্ট একটি জুরি বোর্ড গঠনে ১৯/০৫/২০২০ তারিখে জিও জারী হয়েছে। এছাড়াও TOR মাননীয় প্রতিমন্ত্রী ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে। | Institute of Architect Bangladesh এর সাথে পরামর্শক্রমে EOI প্রকাশ করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক, পরিকল্পনা বিভাগ |
| ২২ | মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প (৩য় পর্যায়) | ডিপিপি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ করে যাচাই কমিটির সভা আয়োজনের ব্যবস্থা করতে হবে। | পরিচালক, পরিকল্পনা বিভাগ |
| ২৩ | দারুল আরকাম মাদ্রাসা স্থাপন ও পরিচালনা প্রকল্প | ডিপিপি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ করে যাচাই কমিটির সভা আয়োজনের ব্যবস্থা করতে হবে। | পরিচালক, পরিকল্পনা বিভাগ |

৩। স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে পবিত্র ঈদুল আযহা ২০২০ উদযাপনে সকলের আন্তরিকতাপূর্ণ অংশগ্রহণ ও সহযোগিতা কামনা করে সভায় উপস্থিত/সংযুক্ত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

আনিস মাহমুদ
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন : ৮১৮১৫১৬